বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/জালনোট/২০২০-২০২১/১৩৯৬ তারিখঃ ১১-০৪-২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ পবিত্র রমজান/২০২১ উপলক্ষে জাল নোট প্রচলন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) হতে ০৪-০৪-২০২১ তারিখে জারীকৃত ডিসিএম (এফএন)ঃ ১০৭/২০২১-১৩৩৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। আপনারা অবগত আছেন যে, বিভিন্ন উৎসবের প্রাক্কালে নোট জালকারী চক্রের অপতৎপরতা বৃদ্ধি পায়। এ প্রেক্ষিতে পবিত্র রমজান উপলক্ষে নোট জালকারী চক্রের অপতৎপরতা প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত পদক্ষেপসমুহ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) ব্যাংকের শাখাসমূহের গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে রমজান মাসে পুরো ব্যাংকিং সময়ে নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্র (বাংলাদেশ ব্যাংকের ০২-০৩-২০১৮ তারিখের সূত্র নং-ডিসিএম(এফএন)ঃ১০(সভা) ২০১৮-১০৬৬-১১২৩ এর মাধ্যমে সরবরাহকৃত) প্রদর্শন করা ;

(খ) গ্রাহকদের নিকট থেকে সতর্কতার সাথে নোট গ্রহণসহ বাংলাদেশ ব্যাংকের ১১-১২-২০১৩ তারিখের পরিপত্র নং-ইপ্রশাঃ ১৬৯/২০১৩-০৩ এর নির্দেশনা মোতাবেক নোট গ্রহন ও প্রদানকালে এবং এটিএম মেশিনে টাকা ফিডিংয়ের পূর্বে আবশ্যিকভাবে জাল নোট সনাক্তকারী মেশিন দ্বারা নোট পরীক্ষা করা ;

(গ) বাংলাদেশ ব্যাংকের ১১-০২-২০২১ তারিখের পত্রের নির্দেশনা এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ণ বিভাগের ২৪-০২-২০২১ তারিখের ১১৭৯ নম্বর পত্রের নির্দেশনা মোতাবেক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিযুক্ত উচ্চ মূল্যমান এর ব্যাংক নোটের প্রধান নিরাপত্তা বিশিষ্ট্য সম্বলিত হালনাগাদকৃত পোস্টারটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (পুরাতন)হতে(Link-www.bb.org.bd >Banknotes & coins >Security features > poster : Taka 100, 200, 500, 1000) ডাউনলোড করতঃ ন্যূনতম ১৮" x ১৪.৫" সাইজে Panaflex প্রিন্ট করে শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা।

০৪। পবিত্র রমজান মাস সমাপ্তির পরবর্তী ১০(দশ) কর্ম দিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনার সূত্রে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পরিচালিত বিষয়াদির উপর প্রস্তুতকৃত একটি সচিত্র প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নির্দেশনা রয়েছে, বিধায় পবিত্র রমজান সমাপ্তির পরবর্তী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে উক্ত কার্যকরণের একটি প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায়, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সকল শাখায় বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা পরিপালন করার জন্য অনুরোধ করা হলো। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়গণকে বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
২২/০৪/২০২১
জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

সংযুক্তি ০১ (এক) পাতা

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/জালনোট/২০২০-২০২১/১৩৯৬ তারিখঃ ১১-০৪-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ -

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ পর্যালোচনা কোষ) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

২২/০৪/২১
(মোঃ ইয়াহিয়া ভূঁইয়া)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

F:Khalafot/Circular

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

সূত্র নং- ডিসিএম(এফএন)ঃ১০৭/২০২১-১৩৩৯ তারিখঃ ০৪/০৪/২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পবিত্র রমজান/২০২১ উপলক্ষে জাল নোট প্রচলন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, বিভিন্ন উৎসবের প্রাক্কালে নোট জালকারী চক্রের অপতৎপরতা বৃদ্ধি পায়। এ প্রেক্ষিতে পবিত্র রমজান উপলক্ষে নোট জালকারী চক্রের অপতৎপরতা প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলোঃ

(১) আপনাদের ব্যাংকের শাখাসমূহে গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে (যদি না থাকে সেক্ষেত্রে টিভি মনিটর স্থাপনপূর্বক) রমজান মাসে পুরো ব্যাংকিং সময়ে ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্র (অত্র বিভাগের ০২/০৩/২০১৮ তারিখের সুত্র নং- ডিসিএম(এফএন)ঃ১০(সভা)/২০১৮-১০৬৬-১১২৩ এর মাধ্যমে সরবরাহকৃত) প্রদর্শন করা;

(২) গ্রাহকদের নিকট থেকে সতর্কতার সাথে নোট গ্রহণসহ অত্র বিভাগের ১১/১২/২০১৩ তারিখের পরিপত্র নং- ইপ্রশাঃ১৬৯/২০১৩-০৩ এর নির্দেশনা মোতাবেক নোট গ্রহণ ও প্রদানকালে এবং এটিএম মেশিনে টাকা ফিডিংয়ের পূর্বে আবশ্যিকভাবে জাল নোট সনাক্তকারী মেশিন দ্বারা নোট পরীক্ষা করা;

(৩) অত্র বিভাগের ১১/০২/২০২১ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিযুক্ত উচ্চ মূল্যমান এর ব্যাংক নোটের প্রধান নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত হালনাগাদকৃত পোস্টারটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (পুরাতন) হতে (লিংক- www.bb.org.bd → Banknotes & coins → Secirity features → poster: Taka 100, 200, 500, 1000) ডাউনলোড করতঃ ন্যূনতম ১৮" x ১৪.৫" সাইজে Panaflex প্রিন্ট করে শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা; এবং

(৪) পবিত্র রমজান মাস সমাপ্তির পরবর্তী ১০(দশ) কর্ম দিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনার সূত্রে আপনাদের ব্যাংক কর্তৃক পরিপালিত বিষয়াদির উপর প্রস্তুতকৃত একটি সচিত্র প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণ করা।

**বিষয়টি জনস্বার্থ সংশ্লিষ্ট ও অতীব জরুরী।**

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহিদুল আলম)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-০৬/২০৮৮১
ই-মেইলঃ shahidul.alam449@bb.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর.......... তারিখ
সহকারী মহাব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং.... তারিখ....
বিভাগ....

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- তারিখ
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়